গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড
জনপ্রশাসন মন্ত্রণালয়
(www.bkkb.gov.bd)

**বিষয়: বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ডের ৫৬তম সমন্বয় সভার কার্যবিবরণী**

| | | |
|---|---|---|
| সভাপতি | : | তসলিমা কানিজ নাহিদা<br>মহাপরিচালক (সচিব), বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড |
| সভার তারিখ | : | ২৯ জানুয়ারি ২০২৫ |
| সময় | : | সকাল ১১:০০ টায় |
| স্থান | : | বোর্ডের সভাকক্ষ |

উপস্থিত সদস্যগণের তালিকা: পরিশিষ্ট 'ক' দ্রষ্টব্য।

উপস্থিত সদস্য ও কর্মকর্তাগণকে স্বাগত জানিয়ে সভাপতি সভার কাজ শুরু করেন। অতঃপর তিনি আলোচ্যসূচি অনুযায়ী কার্যপত্র উপস্থাপনের জন্য বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড এর পরিচালক (প্রশাসন)-কে সম্মতি জ্ঞাপন করায় তিনি আলোচ্যসূচি অনুযায়ী ধারাবাহিকভাবে সভার কার্যপত্র উপস্থাপন করেন।

**আলোচ্যসূচি: ১।** পরিচালক (প্রশাসন) সভায় অবহিত করেন যে, সর্বশেষ ২৪ ডিসেম্বর ২০২৫ তারিখ মহাপরিচালক (সচিব)-এর সভাপতিত্বে অনুষ্ঠিত বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ডের ৫৫তম সমন্বয় সভার কার্যবিবরণীর বিষয়ে কোনরুপ আপত্তি/সংশোধনী না থাকায় তা দৃঢ়ীকরণ করা হয়।

**আলোচ্যসূচি: ২।** সভায় বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ডের ৫৫তম সমন্বয় সভার সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা করা হয়। পর্যালোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

| ক্রমিক | বিষয় ও আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| **২.১** | **দিলকুশা বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড (বিকেকেবি) ভবন নির্মাণ-শীর্ষক প্রকল্প:**<br>পরিকল্পনা কমিশনে প্রকল্প মূল্যায়ন কমিটির (পিইসি) সভার সিদ্ধান্ত অনুযায়ী গণপূর্ত অধিদপ্তর থেকে প্রাপ্ত Recast DPP ০৭/১০/২০২৫ তারিখ জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়। জনপ্রশাসন মন্ত্রণালয়ের কতিপয় পর্যবেক্ষণ অন্তর্ভুক্ত করে পুনর্গঠিত ডিপিপি ২০ নভেম্বর ২০২৫ তারিখ জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়।<br>৪০তম বোর্ড সভায় অতিরিক্ত সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয় অবগত করেন যে, মাননীয় প্রধান উপদেষ্টার সদয় অনুমোদনের জন্য সার-সংক্ষেপ প্রেরণ প্রক্রিয়াধীন রয়েছে। Recast DPP অনুমোদনের লক্ষ্যে দ্রুততম সময়ের মধ্যে পরিকল্পনা কমিশনের প্রেরণের বিষয়ে যোগাযোগ অব্যহত রাখার গুরুত্বারোপ করা হয়। | Recast DPP অনুমোদনের জন্য দ্রুততম সময়ের মধ্যে পরিকল্পনা কমিশনে প্রেরণের বিষয়ে যোগাযোগ অব্যহত রাখতে হবে। | (ক) পরিচালক (উন্নয়ন);<br>(খ) উপপরিচালক (উন্নয়ন) |
| ২.২ | **মতিঝিল মহিলা কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র কাম কমিউনিটি সেন্টারের স্থানে ১৫তলা বিশিষ্ট "মতিঝিল বিকেকেবি কল্যাণ ভবন নির্মাণ":**<br>"মতিঝিল বিকেকেবি কল্যাণ ভবন নির্মাণ" শীর্ষক প্রকল্পের জনবল নির্ধারণ ও ব্যয় প্রাক্কলনের সম্মতি জ্ঞাপনের জন্য অর্থ বিভাগে প্রস্তাব প্রেরণ করা হয়। উল্লেখ্য যে, বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড থেকে একই অর্থবছরে একই সাথে ২টি প্রকল্পের (দিলকুশা বিকেকেবি কল্যাণ ভবন ও মতিঝিল বিকেকেবি কল্যাণ ভবন) | অর্থ বিভাগ কর্তৃক প্রকল্পের ব্যয় প্রাক্কলন ও জনবল নির্ধারণের সম্মতি গ্রহণের লক্ষ্যে যোগাযোগ অব্যাহত রাখতে হবে। | (ক) পরিচালক (উন্নয়ন);<br>(খ) উপপরিচালক (উন্নয়ন) |

| ক্রমিক | বিষয় ও আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| | প্রস্তাব প্রেরণ করা হয়। অর্থ বিভাগ কর্তৃক “দিলকুশা বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড (বিকেকেবি) ভবন নির্মাণ”-শীর্ষক প্রকল্পের ব্যয় প্রাক্কলন ও জনবল নির্ধারণ করা হয়। তবে মতিঝিল বিকেকেবি কল্যাণ ভবন নির্মাণ”- শীর্ষক প্রকল্পের ব্যয় প্রাক্কলন ও জনবল নির্ধারণের সম্মতি পাওয়া যায়নি। প্রকল্পের ব্যয় প্রাক্কলন ও জনবল নির্ধারণের সম্মতি গ্রহণের বিষয়ে অর্থ বিভাগের সাথে যোগাযোগ অব্যাহত রাখার ওপর মতামত ব্যক্ত করা হয়। | | |
| ২.৩ | **সরকারি কর্মচারীদের বিশেষ চাহিদা সম্পন্ন (প্রতিবন্ধী) সন্তানদের প্রশিক্ষণ কেন্দ্র স্থাপন:**<br>সরকারি কর্মচারীদের বিশেষ চাহিদা সম্পন্ন (প্রতিবন্ধী) সন্তানদের জন্য সেবা ও অনুদান কেন্দ্র বা প্রশিক্ষণ কেন্দ্র স্থাপনের লক্ষ্যে গাজীপুরে দক্ষিণ পানিসাইল মৌজার ১নং খাস খতিয়ানভুক্ত এসএ-২৮ আরএস-৫৪ দাগে ৩.৩৪২৫ একর এবং এসএ-৩৯ আরএস-৫৬ দাগে ০.৩৬ একর একুনে ৩.৭০২৫ একর চালা শ্রেণির জমি ১০,০০১/- (দশ হাজার এক টাকা) প্রতীকী মূল্যে ১৫/০৬/২০২২ তারিখ মহাপরিচালক, বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড, জনপ্রশাসন মন্ত্রণালয়, ঢাকা এর অনুকূলে দীর্ঘমেয়াদী বন্দোবস্ত লীজ দলিল (রেজিস্ট্রেশন) সম্পাদন করা হয়।<br>এ বিষয়ে ৪০তম বোর্ড সভায় আলোচনা হয়। সভায় বন্দোবস্তপ্রাপ্ত ভূমিটির সীমানা প্রাচীর না থাকায় সুরক্ষার জন্য সীমানা প্রাচীর নির্মাণ ও গেট স্থাপন করার নিমিত্ত ডিপোজিট ওয়ার্ক হিসেবে গণপূর্ত অধিপ্তরের মাধ্যমে যাবতীয় কার্যাদি সম্পন্ন করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | বোর্ড সভার সিদ্ধান্তমতে বন্দোবস্তপ্রাপ্ত ভূমি সুরক্ষার জন্য সীমানা প্রাচীর নির্মাণ ও গেট স্থাপন করার জন্য ডিপোজিট ওয়ার্ক হিসেবে গণপূর্ত অধিপ্তরের মাধ্যমে যাবতীয় কার্যাদি সম্পন্ন করতে হবে। | (ক) পরিচালক (উন্নয়ন);<br>(খ) উপপরিচালক (উন্নয়ন) |
| ২.৪ | **চট্টগ্রামের আগ্রাবাদে ২০ তলা বিশিষ্ট বিকেকেবি কল্যাণ ভবন নির্মাণ শীর্ষক প্রকল্প:**<br>স্থাপত্য অধিদপ্তর থেকে বিকেকেবি কল্যাণ ভবনের প্রাপ্ত স্থাপত্য নকশা জনপ্রশাসন মন্ত্রণালয়ে ০২/০৭/২০২৫ তারিখে প্রেরণ করা হয় এবং স্থাপত্য নকশার ওপর জনপ্রশাসন মন্ত্রণালয়ে ২৯ জুলাই ২০২৫ তারিখ সভা অনুষ্ঠিত হয়। সভার নির্দেশনার আলোকে স্থাপত্য অধিদপ্তর থেকে প্রাপ্ত সংশোধনী নকশা ০৭/১০/২০২৫ তারিখ পুনরায় জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়।<br>প্রাপ্ত নকশার ওপর জনপ্রশাসন মন্ত্রণালয়ে ২৮/০১/২০২৬ তারিখে পর্যালোচনা সভা অনুষ্ঠিত হয়েছে। | স্থাপত্য নকশা অনুমোদনের বিষয়ে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করতে হবে। | (ক) পরিচালক (উন্নয়ন);<br>(খ) পরিচালক, বিভাগীয় কার্যালয়, চট্টগ্রাম;<br>(গ) উপপরিচালক (উন্নয়ন) |
| ২.৫ | **বান্দরবান জেলা শহরে কল্যাণ বোর্ডের ১ (এক) একর জমিতে রেস্টহাউস কাম রিসোর্ট নির্মাণ:**<br>বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ডের অনুকূলে বরাদ্দকৃত ১(এক) একর জমিতে সীমানা পিলার এবং মালিকানার সাইন বোর্ড স্থাপন করা হয়েছে। বান্দরবান গণপূর্ত উপবিভাগ কর্তৃক সীমানা প্রাচীর নির্মাণের কাজ চলমান থাকা অবস্থায় বাংলাদেশ সুপ্রীম কোর্টের হাইকোর্ট ডিভিশনে একটি রিট মামলায় (মামলা নম্বর ৭১০৫/২০২৫) নির্মাণ কাজে ৬ মাসের স্থিতাবস্থা আদেশ জারি হয়। ফলে সীমানা প্রাচীরের নির্মাণ কাজ বন্ধ রাখা হয়। উক্ত মামলার জারিকৃত স্থিতাবস্থার মেয়াদ ১৮ ফেব্রুয়ারি ২০২৬ তারিখে শেষ হবে। উল্লেখ্য, বোর্ডকে উক্ত মামলার পক্ষভুক্ত না করায় এবং স্থানীয় সরকারি | বোর্ড সভার সিদ্ধান্ত মোতাবেক গঠিত কমিটিকে ০১ মার্চ ২০২৬ তারিখের মধ্যে প্রতিবেদন দাখিল করতে হবে। | (ক) পরিচালক (উন্নয়ন);<br>(খ) পরিচালক, বিভাগীয় কার্যালয়, চট্টগ্রাম;<br>(গ) উপপরিচালক (উন্নয়ন) |

| ক্রমিক | বিষয় ও আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| | কৌশুলীর (জিপি) মতামতের ভিত্তিতে সীমানা প্রাচীর নির্মাণের কাজ চলমান রয়েছে। কাজের অগ্রগতি- ৯০%। এছাড়া, রেস্টহাউজ কাম রিসোর্ট নির্মাণের প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করার উদ্দেশ্যে Feasibility Study মাধ্যমে একটি স্বয়ংসম্পূর্ণ প্রতিবেদন প্রস্তুতের লক্ষ্যে বোর্ডের বিভাগীয় কার্যালয়, চট্টগ্রামের পরিচালককে সভাপতি করে বিভাগীয় কমিশনার, চট্টগ্রাম, জেলা প্রশাসক, বান্দরবান, গণপূর্ত বিভাগ, বান্দরবান, স্থাপত্য অধিদপ্তর এবং বোর্ডের প্রধান কার্যালয়ের প্রতিনিধি সমন্বয়ে ৭(সাত) সদস্য বিশিষ্ট কমিটি গঠন করা হয়েছে। ৪০তম বোর্ড সভার সিদ্ধান্ত অনুযায়ী গঠিত কমিটিকে আগামী ০১ মার্চ ২০২৬ তারিখের মধ্যে প্রতিবেদন দাখিলের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | | |
| ২.৬ | **চট্টগ্রামের নাসিরাবাদে ২১.৪৫ শতাংশ পরিত্যক্ত বাড়ি প্রতীকীমূল্যে স্থায়ীভাবে বরাদ্দ/বিক্রয়:**<br>মহাপরিচালক (সচিব), বিকেকেবি সভায় অবগত করেন যে, পরিত্যক্ত সম্পত্তি ব্যবস্থাপনা বোর্ড (এপিএমবি) চট্টগ্রাম এর ১৭৮তম সভায় জেলা আবাসন বোর্ড, চট্টগ্রাম এর নিয়ন্ত্রণাধীন চট্টগ্রাম জেলার পাঁচলাইশ থানাধীন পূর্ব নাসিরাবাদ মৌজায় অবস্থিত একতলা বিশিষ্ট তালিকাভুক্ত পরিত্যক্ত বাড়ি নম্বর-৩৫/এ-২, রোড নং-০১ নাসিরাবাদ হাউজিং সোসাইটি, চট্টগ্রাম (গেজেট পৃষ্ঠা নং-৯৭৬২ (১০৫), ক্রমিক নং-২১৬, মূল ভবন ২৪৮.৩২ বর্গমিটার, একটি রাস্তা ৮৭.৭০ বর্গমিটার, সীমানা প্রাচীর ১৩২.৭০ বর্গমিটার ও ড্রেন ৪৪.৩৪ বর্গমিটার এবং বাস্তব জমির পরিমাণ ২১.৪৫ শতাংশ) বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ডের অনুকূলে ১,০০,০০১/- (এক লাখ এক) টাকা প্রতীকীমূল্যে স্থায়ীভাবে বরাদ্দ/বিক্রয় প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>সে পরিপ্রেক্ষিতে, বর্ণিত প্রস্তাবটি গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়। গণপূর্ত মন্ত্রণালয়ে উক্ত পরিত্যক্ত বাড়ির বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ প্রক্রিয়াধীন রয়েছে। ৪০তম বোর্ড সভায় আলোচ্য পরিত্যক্ত বাড়িটি বোর্ডের অনুকূলে প্রতীকীমূল্যে অথবা খাস হিসেবে বোর্ডের অনুকূলে স্থায়ীভাবে বরাদ্দ অথবা মৌজামূল্যে ক্রয় করা যায় কিনা সে বিষয়ে বিভাগীয় কমিশনার, চট্টগ্রামের মতামত গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | বোর্ড সভার সিদ্ধান্ত অনুযায়ী পরিত্যক্ত বাড়িটি প্রতীকীমূল্যে অথবা খাস হিসেবে বোর্ডের অনুকূলে স্থায়ীভাবে বরাদ্দ অথবা মৌজামূল্যে ক্রয় করা যায় কিনা সে বিষয়ে বিভাগীয় কমিশনার, চট্টগ্রাম মতামত গ্রহণের বিষয়ে যোগাযোগ রাখতে হবে। | (ক) পরিচালক (উন্নয়ন);<br>(খ) পরিচালক, বিভাগীয় কার্যালয়, চট্টগ্রাম;<br>(গ) উপপরিচালক (উন্নয়ন) |
| ২.৭ | **বোর্ডের আয় বৃদ্ধির লক্ষ্যে বরিশালে বাণিজ্যিক ভবন নির্মাণ:**<br>বরিশাল সদরের লুকাস কম্পাউন্ডে ০.৩৩ শতাংশ জমির পরিবর্তে বরিশাল সিটি কর্পোরেশনের আওতাধীন বরিশাল-তালতলি-শায়েস্তাবাদ সড়কের সরকারি হাঁস মুরগীর খামার সংলগ্ন জে.এল, ৪৮ নং আমানতগঞ্জ মৌজার এস.এ. ১ নং খাস খতিয়ানভুক্ত ৭৯৫ নং দাগের ২.০০ (দুই) একর জমি বরাদ্দের জন্য ভূমি মন্ত্রণালয়ে প্রস্তাব প্রেরণ করা হয়। প্রস্তাবিত ভূমির দীর্ঘমেয়াদি বন্দোবস্তের প্রস্তাব ভূমি মন্ত্রণালয়ে অনুমোদনের অপেক্ষাধীন রয়েছে। সভায় যোগাযোগ অব্যাহতের মাধ্যমে প্রস্তাবিত ভূমিটির দীর্ঘমেয়াদি বন্দোবস্তকরণে গুরুত্বারোপ করা হয়। | ভূমি মন্ত্রণালয়ে প্রেরিত প্রস্তাব অনুমোদন এর জন্য যোগাযোগ অব্যাহত রাখতে হবে। | (ক) পরিচালক (উন্নয়ন);<br>(খ) উপপরিচালক (উন্নয়ন) |
| ২.৮ | **পটুয়াখালী জেলার কুয়াকাটায় রেস্টহাউজ কাম রিসোর্ট নির্মাণের জন্য ভূমি বরাদ্দের ব্যবস্থা:** | বোর্ড সভার সিদ্ধান্তের আলোকে রেস্টহাউজ কাম রিসোর্ট নির্মাণের | (ক) পরিচালক (উন্নয়ন); |

<table>
<tr><th>ক্রমিক</th><th>বিষয় ও আলোচনা</th><th>সিদ্ধান্ত</th><th>বাস্তবায়নকারী</th></tr>
<tr><td></td><td>পটুয়াখালী জেলার কুয়াকাটায় রেস্টহাউজ কাম রিসোর্ট নির্মাণের জন্য কুয়াকাটায় প্রস্তাবিত ০.৬৯ একর খাস জমিতে ০৩টি মামলা চলমান থাকায় প্রস্তাবটি বিবেচনার সুযোগ নেই মর্মে ভূমি মন্ত্রণালয় হতে জানানোর পরিপ্রেক্ষিতে পরিচালক, বিভাগীয় কার্যালয়, বরিশাল ৪টি বিকল্প খাস জমির প্রস্তাব প্রেরণ করেন। জমিগুলোর তফসিল নিম্নরুপ:<br>
ক্রমিক-১
<table>
<tr><th>মৌজা</th><th>জে ল নং</th><th>খতিয়ান (বিআরএস)</th><th>দাগ নম্বর</th><th>জমির পরিমাণ</th></tr>
<tr><td rowspan="2">কুয়াকাটা</td><td>৫</td><td>১</td><td>২০০১</td><td>৫০ শতাংশ</td></tr>
<tr><td>৫৭</td><td>১</td><td>২০০২</td><td>১০ শতাংশ</td></tr>
<tr><td></td><td colspan="3">মোট</td><td>৬০ শতাংশ</td></tr>
</table>
ক্রমিক-২
<table>
<tr><td rowspan="2">কুয়াকাটা</td><td>৫৭</td><td>১</td><td>৪২৬<br>৬</td><td>২৭ শতাংশ</td></tr>
<tr><td>৫৭</td><td>১</td><td>৪২৬৭</td><td>২৯ শতাংশ</td></tr>
<tr><td rowspan="2"></td><td>৫৭</td><td>১</td><td>৪২৬</td><td>২৪ শতাংশ</td></tr>
<tr><td colspan="3">মোট</td><td>৮০ তাংশ</td></tr>
</table>
ক্রমিক - ০৩
<table>
<tr><th>মৌজা</th><th>জে ল নং</th><th>খতিয়ান (বিআ এস)</th><th>দাগ নম্বর</th><th>জমি রিমাণ</th></tr>
<tr><td>দক্ষিণ লত চাপলী</td><td>৫৯</td><td>১</td><td>৪০২</td><td>১ একর ৪০ শতক</td></tr>
</table>
ক্রমিক- ০৪
<table>
<tr><th>মৌজা</th><th>জে এল নং</th><th>খতিয়ান (বিআরএ )</th><th>দাগ নম্বর</th><th>জমির পরিমাণ</th></tr>
<tr><td rowspan="3">দক্ষিণ লতাচাপলী</td><td>৫৯</td><td>১</td><td>৪০২</td><td>৮০ শতাংশ</td></tr>
<tr><td>৫৯</td><td>১</td><td>৩৪</td><td>৩৫ শতাং</td></tr>
<tr><td colspan="3">মোট</td><td>১ একর ১৫ শতক</td></tr>
</table>
তিনি আরো জানান যে, কুয়াকাটার বিভিন্ন স্পটে বর্ণিত তফসিলের জমিগুলোর মধ্যে ০১ নম্বর নির্বাচিত জমিটিতে বোর্ডের রেস্ট হাউজ কাম রিসোর্ট নির্মাণের ক্ষেত্রে অধিক উপযোগিতা রয়েছে। বিভাগীয় কমিশনার বরিশাল, জেলা প্রশাসক, পটুয়াখালীর প্রতিনিধি এবং বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড, বিভাগীয় কার্যালয়, বরিশালের পরিচালকসহ মোট ৩(তিন) সদস্যের সমন্বয়ে একটি কমিটি গঠনপূর্বক চূড়ান্তভাবে জমি নির্বাচন ও এর উপযোগিতা নির্ণয় করা যেতে পারে। এ বিষয়ে ৪০তম বোর্ড সভায় সিদ্ধান্ত বাস্তবায়নের প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য নির্দেশনা প্রদান করা হয়।</td><td>জন্য নিষ্কন্টক জমি চূড়ান্তভাবে নির্বাচন ও এর উপযোগিতা নির্ণয়ের জন্য গঠিত কমিটি আগামী ০১ মার্চ ২০২৬ তারিখের মধ্যে প্রতিবেদন দাখিল বিষয়ে যোগাযোগ রাখতে হবে।</td><td>(খ) পরিচালক, বিভাগীয় কার্যালয়, বরিশাল;<br>(গ) উপপরিচালক (উন্নয়ন)</td></tr>
<tr><td>২.৯</td><td>মাসিক কল্যাণভাতার রিকোনসাইলকরণ সংক্রান্ত:<br>সরকারি ও তালিকাভুক্ত স্বায়ত্বশাসিত সংস্থার কোন কর্মকর্তা/ কর্মচারী অক্ষম হলে এবং কর্মরত অবস্থায় মৃত্যুবরণ করলে তাঁর পরিবারকে সর্বোর্চ্চ ১৫ (পনের) বছর এবং চাকরিজীবী অবসর প্রাপ্তির ১০ বছর অতিক্রান্ত হওয়ার পূর্বে (সর্বোর্চ্চ ৬৯ বছর বয়স পর্যন্ত) মৃত্যুবরণ করলে মৃত্যুর তারিখ থেকে ১০ বছরের অবশিষ্ট সময় পর্যন্ত ০১ জুলাই ২০১৯ তারিখ থেকে ২,০০০/- (দুই হাজার) টাকা এবং ১৯ আগস্ট ২০২৫ তারিখ থেকে ৩,০০০/- (তিন হাজার) হারে ধারাবাহিকভাবে মাসিক কল্যাণ ভাতা প্রদান করা হচ্ছে। কল্যাণ ভাতার কার্ডের মেয়াদ সর্বোর্চ্চ ১৫ বছর। কাজেই যে সকল কার্ডের মেয়াদ উত্তীর্ণ হয়েছে সে সকল মেয়াদ উত্তীর্ণ কার্ড ব্যাংক থেকে সংগ্রহপূর্বক রিকোনসাইল প্রক্রিয়া সম্পন্ন করার বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। এছাড়া কল্যাণ ভাতার কার্ডের রিকোনসাইল কার্য সম্পন্ন করার বিষয়ে সভায় অভিমত ব্যক্ত করা হয়।</td><td>সকল মেয়াদ উত্তীর্ণ কার্ড সংগ্রহপূর্বক প্রধান কার্যালয়ে প্রেরণ করতে হবে।</td><td>(ক) পরিচালক (প্রশাসন),<br>(খ) পরিচালক, বিভাগীয় কার্যালয় (সকল)</td></tr>
</table>

| ক্রমিক | বিষয় ও আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ২.১০ | **ওয়েবসাইট হালনাগাদকরণ কার্যক্রম:**<br>প্রধান কার্যালয়ের ওয়েবসাইটে তথ্য হালনাগাদকরণসহ বিভাগীয় কার্যালয়সমূহের ওয়েবসাইটের সকল মেনু ও সেবাবক্সের সকল লিংক নিয়মিত ও সঠিকভাবে হালনাগাদ করার বিষয়ে গুরুত্বারোপ করা হয়। বোর্ডের যে সকল বিভাগীয় কার্যালয়ে আইটি জ্ঞানসম্পন্ন জনবল নেই সে সকল বিভাগীয় কার্যালয়ের ওয়েবসাইটে সকল মেনু ও সেবাবক্সের সকল লিংক নিয়মিত ও সঠিকভাবে হালনাগাদকরণের নিমিত্ত প্রধান কার্যালয়ের আইটি শাখাকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সভাপতি নির্দেশনা প্রদান করেন।<br>এছাড়া প্রতিমাসের ০৭ তারিখের মধ্যে বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন প্রধান কার্যালয়ে প্রেরণের বিষয়ে সভায় আলোকপাত করা হয়। | (ক) প্রধান কার্যালয়ের ওয়েবসাইট প্রতিনিয়ত হালনাগাদ করতে হবে;<br>(খ) যে সকল বিভাগীয় কার্যালয়ে আইটি জ্ঞানসম্পন্ন জনবল নেই সে সকল বিভাগীয় কার্যালয়ের ওয়েবসাইটে সকল মেনু ও সেবাবক্সের সকল লিংক নিয়মিত ও সঠিকভাবে হালনাগাদকরণে প্রধান কার্যালয়ের আইটি শাখা প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে;<br>(গ) বিভাগীয় কার্যালয়ের ওয়েবসাইট প্রতিনিয়ত হালনাগাদপূর্বক প্রতিমাসে প্রতিবেদন প্রেরণ করতে হবে। | (ক) পরিচালক (প্রশাসন);<br>(খ) পরিচালক, বিভাগীয় কার্যালয় (সকল);<br>(গ) সিস্টেম এনালিস্ট |
| ২.১১ | **অডিট আপত্তি নিষ্পত্তি:**<br>হিসাবরক্ষণ কর্মকর্তা সভায় অবহিত করেন যে, ২০০৪-২০০৮ অর্থবছরের ৪টি SFI আপত্তি মধ্যে ২টি আপত্তি নিষ্পত্তি হয়েছে। অপর ২টি আপত্তি নিষ্পত্তির লক্ষ্যে ব্রডশিট জবাব আইটি ও জনসেবা অডিট অধিদপ্তরে পত্র প্রেরণের লক্ষ্যে জনপ্রশাসন মন্ত্রণালয়ে পত্র প্রেরণ করা হয়েছে। ২০২১-২২ অর্থবছরের ৪টি Non-SFI অডিট আপত্তি মধ্যে ১টি নিষ্পত্তি হয়েছে। অপর ৩টি আপত্তির জবাব প্রেরণের প্রক্রিয়াধীন রয়েছে।<br>২০২২-২৩ অর্থবছরের ২টি SFI অডিট আপত্তি মধ্যে ১টি নিষ্পত্তি হয়েছে। ১টি আপত্তির জবাব প্রেরণ প্রক্রিয়াধীন রয়েছে। অন্যদিকে, ২টি Non-SFI অডিট আপত্তি নিষ্পত্তি করা হয়েছে।<br>২০২৩-২৪ অর্থবছরের ৪টি Non-SFI অডিট আপত্তি মধ্যে ২টি নিষ্পত্তি হয়েছে। অপর ২টি আপত্তির জবাব প্রেরণ প্রক্রিয়াধীন রয়েছে।<br>Audit Management and Monitoring System-2.0 (AMMS-2.0) সফটওয়্যারে দৃশ্যমান ৯৩টি অডিট আপত্তির মধ্যে ১৩টি অডিট আপত্তি Reconciliation এর মাধ্যমে নিষ্পত্তি করা হয়েছে। অবশিষ্ট ৮০টি অডিট আপত্তি Reconciliation এর মাধ্যমে নিষ্পত্তির লক্ষ্যে ২১/০৭/২০২৫ তারিখে ৪১০ সংখ্যক স্মারকের মাধ্যমে আইটি ও জনসেবা অডিট অধিদপ্তরে পত্র প্রদান করা হয়। সর্বশেষ গত ০৯/১০/২০২৫ তারিখে যোগাযোগ করা হলে, অডিট অফিস হতে মৌখিকভাবে জানানো হয় এখনো Reconciliation কাজ সম্পন্ন হয়নি। স্বল্পতম সময়ের মধ্যে Reconciliation কাজ সম্পন্ন করবে। প্রধান কার্যালয় ও বিভাগীয় কার্যালয়ে একসাথে অডিট নিষ্পত্তির জন্য আইটি ও অডিট অধিদপ্তরে পত্র প্রেরণের বিষয়ে সর্বোচ্চ গুরুত্ব প্রদান করা হয়। | (ক) প্রধান কার্যালয় ও বিভাগীয় কার্যালয়ে একসাথে অডিট নিষ্পত্তির জন্য আইটি ও অডিট অধিদপ্তরে পত্র প্রেরণে করতে হবে;<br>(খ) অডিট আপত্তি নিষ্পত্তির লক্ষ্যে কার্যকর পদক্ষেপ গ্রহণ করতে হবে। | (ক) পরিচালক (প্রশাসন);<br>(খ) পরিচালক, বিভাগীয় কার্যালয় (সকল) |
| ২.১২ | **অভ্যন্তরীণ প্রশিক্ষণ:**<br>বোর্ডের কর্মকর্তা/কর্মচারীদের দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে পূর্বের ধারাবাহিকতায় অভ্যন্তরীণ প্রশিক্ষণ (In house training) এর লক্ষ্যমাত্রা ৬০ ঘন্টা নির্ধারণপূর্বক বোর্ডের ২০২৫-২৬ অর্থবছরের প্রশিক্ষণ ক্যালেন্ডার প্রস্তুত করা হয়েছে। সরকারি ক্রয়সংক্রান্ত কাজ যথাযথভাবে সম্পাদনের জন্য বোর্ড এর কর্মকর্তা/কর্মচারীদের ই-জিপি কার্যক্রমে দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে "ই-জিপি সিস্টেম ব্যবহারে ২৭-৩০ নভেম্বর ২০২৫ তারিখ ৪ দিনব্যাপী প্রশিক্ষণের আয়োজন করা হয়েছে। এছাড়া, জনপ্রশাসন মন্ত্রণালয়ের প্রশিক্ষণ ম্যানুয়াল অনুসরণপূর্বক প্রশিক্ষণ কার্যক্রম সম্পন্ন করা হচ্ছে। | (ক) ২০২৫-২৬ অর্থবছরে কর্মকর্তা/ কর্মচারীদের অভ্যন্তরীণ প্রশিক্ষণ (Inhouse training) কার্যক্রম বাস্তবায়ন করতে হবে;<br>(খ) বিভাগীয় কার্যালয়ে প্রশিক্ষণ সংক্রান্ত তথ্য প্রধান কার্যালয়ে প্রেরণ করতে হবে। | (ক) পরিচালক (প্রশাসন);<br>(খ) পরিচালক, বিভাগীয় কার্যালয় (সকল) |

| ক্রমিক | বিষয় ও আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| | কর্মকর্তা/কর্মচারীদের দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে পূর্বের ধারাবাহিকতায় অভ্যন্তরীণ প্রশিক্ষণ (In house training) কার্যক্রম বাস্তবায়ন এবং সংশ্লিষ্ট বিষয়ে দক্ষ প্রশিক্ষক নির্বাচনের বিষয়ে সভায় গুরুত্বারোপ করা হয়। এছাড়া বিভাগীয় কার্যালয়ে প্রশিক্ষণ সংক্রান্ত তথ্য প্রধান কার্যালয়ে প্রেরণের বিষয়ে সভাপতি অভিমত ব্যক্ত করেন। | | |
| ২.১৩ | **অভিযোগ প্রতিকার ব্যবস্থা Grievance Redress System (GRS):**<br>বোর্ডের প্রধান কার্যালয় ও বিভাগীয় কার্যালয়সমূহ Grievance Redress System (GRS) এর সাথে যুক্ত রয়েছে। উক্ত সিস্টেমে প্রাপ্ত অভিযোগ নির্ধারিত সময়ের মধ্যে নিষ্পত্তি করা হচ্ছে। বর্তমানে অভিযোগ নিষ্পত্তির হার ১০০%। বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ডে www.grs.gov.bd সিস্টেমে প্রাপ্ত অভিযোগসমূহ নির্ধারিত সময়ে নিষ্পত্তির ধারাবাহিকতা অব্যাহত রাখার বিষয়ে সভায় নির্দেশনা প্রদান করা হয়। | প্রধান কার্যালয় ও বিভাগীয় কার্যালয়সমূহে www.grs.gov.bd এ প্রাপ্ত অভিযোগ-সমূহ নির্দিষ্ট সময়ের মধ্যে নিষ্পত্তি করতে হবে। | (ক) পরিচালক (প্রশাসন);<br>(খ) পরিচালক, বিভাগীয় কার্যালয় (সকল) |
| ২.১৪ | **সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন:**<br>সেবা প্রদান প্রতিশ্রুতি নিয়মিত হালনাগাদ করার বিষয়ে সভায় নির্দেশনা প্রদান করা হয়। এছাড়া 'বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড এর সিটিজেন্স চার্টার পরিবীক্ষণ কমিটি'র কার্যক্রম বাস্তবায়ন করা যেতে পারে। এছাড়া বিভাগীয় কার্যালয়ের সাথে এ বিষয়ে প্রয়োজনে সভা আয়োজনের মাধ্যমে সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদপূর্বক ওয়েবসাইটে প্রকাশ করা যেতে পারে মর্মে সভায় আলোচনা হয়। | সেবা প্রদান প্রতিশ্রুতি নিয়মিত হালনাগাদকরণ এবং ওয়েবসাইটে প্রকাশ নিশ্চিত করতে হবে। | (ক) পরিচালক (প্রশাসন);<br>(খ) পরিচালক, বিভাগীয় কার্যালয় (সকল);<br>(গ) সিস্টেম এনালিস্ট |
| ২.১৫ | **তথ্য অধিকার:**<br>তথ্য অধিকার আইন অনুযায়ী তথ্য প্রাপ্তির আবেদন নির্ধারিত সময়ের মধ্যে নিষ্পত্তি এবং স্বতঃপ্রণোদিতভাবে প্রকাশযোগ্য সকল তথ্য হালনাগাদ করে ওয়েবসাইটে প্রকাশ করা এবং সকল প্রতিবেদন সঠিকভাবে ওয়েবসাইটে হালনাগাদ করার বিষয়ে সভায় আলোচনা করা হয়। | (১) তথ্য অধিকার আইন অনুযায়ী তথ্য প্রাপ্তির আবেদন নির্ধারিত সময়ের মধ্যে নিষ্পত্তি করতে হবে;<br>(২) সকল প্রতিবেদন সঠিকভাবে ওয়েবসাইটের সংশ্লিষ্ট সেবাবক্সে আপলোড করতে হবে। | ১। পরিচালক (প্রশাসন)<br>২। পরিচালক, বিভাগীয় কার্যালয় (সকল),<br>৩। সিস্টেম এনালিস্ট, |
| ২.১৬ | **শাখা পরিদর্শন:**<br>বোর্ডের প্রধান এবং বিভাগীয় কার্যালয়ের শাখাসমূহ নিয়মিত পরিদর্শনপূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার বিষয়ে সভায় নির্দেশনা প্রদান করা হয়। এছাড়া প্রতিবেদন ওয়েবসাইটে আপলোডের প্রতি বিশেষ গুরুত্ব প্রদান করা হয়। | সচিবালয় নির্দেশমালা মোতাবেক শাখা পরিদর্শন এবং প্রতিবেদন দাখিল কার্যক্রম অব্যহত রাখতে হবে। | (ক) পরিচালক (প্রশাসন);<br>(খ) পরিচালক, বিভাগীয় কার্যালয় (সকল) |
| ২.১৭ | **বোর্ডের কারিগরি প্রশিক্ষণে ভর্তি প্রক্রিয়া মাইগভ প্ল্যাটফর্মের (my Gov) মাধ্যমে সম্পাদন:**<br>বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ডের প্রধান কার্যালয়সহ ৫টি (বিভাগীয় কার্যালয় চট্টগ্রাম, রাজশাহী, খুলনা, ও বরিশাল) কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র চালু রয়েছে। কারিগরি প্রশিক্ষণ কেন্দ্রে সরকারি কর্মকর্তা/কর্মচারীদের ওপর নির্ভরশীল সদস্যগণকে কম্পিউটার অফিস কোর্স, গ্রাফিক্স ডিজাইন, সেলাই, ব্লক, এমব্রয়ডারি, কনফেকশনারি বিষয়ে প্রশিক্ষন প্রদান করা হয়। এই কারিগরি প্রশিক্ষণ কেন্দ্রসমূহের ভর্তির আবেদন ফরম পূরণ, ভর্তি ফি গ্রহণ ম্যানুয়াল পদ্ধতিতে সম্পন্ন হয়ে থাকে। ইতোঃপূর্বে ২০২২ সালে বোর্ডের কারিগরি প্রশিক্ষণ কেন্দ্রের ভর্তির প্রক্রিয়া' myGov প্লাটফর্ম (একসেবা) এর সাথে ইন্টিগ্রেশনপূর্বক অনলাইনে সম্পাদনের জন্য উদ্যোগ গ্রহণ করা হয়। কিন্তু কারিগরি প্রশিক্ষণে ভর্তি ফি অনলাইনে প্রদান/ গ্রহণের বিষয়টি myGov এ প্রক্রিয়াধীন থাকায় ভর্তি কার্যক্রম অনলাইনে করা সম্ভবপর হয়নি। বর্তমানে mygov এ 'এক'পে" এর মাধ্যমে অনলাইন পেমেন্ট এর অপশন এবং ওয়ার্ক ফ্লো ইঞ্জিন চালু হয়েছে। বোর্ডের ২টি সেবা কারিগরি প্রশিক্ষণে ভর্তি ও কমিউনিটি সেন্টার ভাড়া প্রদান প্রক্রিয়া মাইগভ প্ল্যাটফর্মের মাধ্যমে সম্পাদনের লক্ষ্যে | কারিগরি প্রশিক্ষণে ভর্তি প্রক্রিয়া মাইগভ প্ল্যাটফর্মের (my Gov) মাধ্যমে সম্পাদন করতে হবে। | (ক) পরিচালক (উন্নয়ন);<br>(খ) পরিচালক, বিভাগীয় কার্যালয়, ঢাকা/চট্টগ্রাম/ রাজশাহী/খুলনা/বরিশাল |

| ক্রমিক | বিষয় ও আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| | এক-পে (Ekpay) পেমেন্ট গেটওয়ে ইন্টিগ্রেশনের নির্দিষ্ট ছক পূরণপূর্বক ১১/১২/২০২৫ তারিখ এটুআই বরাবর পত্র প্রেরণ করা হয়েছে। কারিগরি প্রশিক্ষণে ভর্তি ও কমিউনিটি সেন্টার ভাড়া প্রদান কার্যক্রমের ফর্মাল ভেলিডেশন এবং প্রশিক্ষণে ভর্তি ও হল ভাড়া গ্রহণের জন্য মার্চেন্ট আইডি প্রস্তুত বিষয়ে সর্বশেষ ১৭/১২/২০২৫ তারিখ বোর্ডের মহাপরিচালক (সচিব) মহোদয়ের সভাপতিত্বে সভা অনুষ্ঠিত হয়েছে। উক্ত সভার সুপারিশের ভিত্তিতে মাইগভ ও বোর্ডের সংশ্লিষ্ট কর্মকর্তাগণ কর্তৃক সিস্টেমটি আপডেট প্রক্রিয়া চলমান রয়েছে। | | |
| ২.১৮ | **বোর্ড কর্তৃক প্রদেয় বিভিন্ন অনুদানের প্রাপ্ত আবেদন, নিষ্পত্তিকৃত আবেদন ও অনিষ্পন্ন আবেদনের তথ্য প্রেরণ:**<br>বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ডের বিভিন্ন অনুদানের প্রাপ্ত আবেদন, নিষ্পত্তিকৃত আবেদন, অনিষ্পন্নকৃত আবেদনের হিসাব এবং সেবাখাতের মঞ্জুরিকৃত অর্থের খাতভিত্তিক ব্যয় উল্লেখপূর্বক প্রতিমাসের ৫ তারিখের মধ্যে প্রধান কার্যালয়ে প্রেরণ করতে হবে। এছাড়া মাসিক কল্যাণভাতার ব্যয়বিবরণী হিসাব ব্যাংকের সাথে রিকনসাইলপূর্বক প্রতি অর্থবছরে ৩১ ডিসেম্বর ও ৩০ জুন রির্পোট প্রদান করার বিষয়ে গুরুত্বারোপ করা হয়। অনিস্পন্ন আবেদনসমূহ দ্রুততম সময়ের মধ্যে বিধি মোতাবেক নিষ্পত্তি করার বিষয়েও অভিমত ব্যক্ত করা হয়। মাসিক সমন্বয় সভার বাস্তবায়ন অগ্রগতির প্রতিবেদনে নির্ধারিত ছক মোতাবেক অনুদানসমূহের তথ্য প্রেরণের বিষয়ে অবতারণা করা হয়। | (ক) সেবাখাতের মঞ্জুরিকৃত অর্থের খাতভিত্তিক ব্যয় উল্লেখপূর্বক প্রতিমাসের ৫ তারিখের মধ্যে প্রধান কার্যালয়ে প্রেরণ করতে হবে;<br>(খ) মাসিক সমন্বয় সভার বাস্তবায়ন অগ্রগতির প্রতিবেদনে নির্ধারিত ছক মোতাবেক অনুদানসমূহের তথ্য প্রেরণ করতে হবে। | (ক) পরিচালক (উন্নয়ন);<br>(খ) পরিচালক, বিভাগীয় কার্যালয়, ঢাকা/চট্টগ্রাম/ রাজশাহী/খুলনা/ বরিশাল |
| ২.১৯ | **বিবিধ:**<br>বিভাগীয় কার্যালয় থেকে প্রাপ্ত পত্রের সংখ্যা এবং নিষ্পত্তির সংখ্যার বিবরণ সভায় উপস্থাপনের বিষয়ে নির্দেশনা প্রদান করা হয়। | বিভাগীয় কার্যালয় থেকে প্রাপ্ত পত্রের সংখ্যা এবং নিষ্পত্তির সংখ্যার বিবরণ সভায় উপস্থাপন করতে হবে। | (ক) পরিচালক (প্রশাসন);<br>(খ) পরিচালক, বিভাগীয় কার্যালয়, ঢাকা/চট্টগ্রাম/ রাজশাহী/খুলনা/ বরিশাল/সিলেট/রংপুর /ময়মনসিংহ |

৩। আর কোনো আলোচনার বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি কর্তৃক সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

(তসলিমা কানিজ নাহিদা)<br>
মহাপরিচালক (সচিব)